# ভোটার তালিকা আইন, ২০০৯

( ২০০৯ সনের ৬ নং আইন )

## ভোটার তালিকা প্রণয়ন সংক্রান্ত প্রচলিত আইনের সংশোধন ও আধুনিকীকরণকল্পে প্রণীত আইন

যেহেতু ভোটার তালিকা প্রণয়ন সংক্রান্ত প্রচলিত আইনের সংশোধন ও আধুনিকীকরণ সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

**সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**

১। (১) এই আইন ভোটার তালিকা আইন, ২০০৯ নামে অভিহিত হইবে।

(২) ইহা ০৯ আগস্ট ২০০৭ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**আইনের প্রাধান্য**

২। আপাততঃ বলবৎ অন্য কোন আইনে ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, এই আইন কার্যকর থাকিবে।

**সংজ্ঞা**

৩। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে-

(ক) "কমিশন" অর্থ সংবিধানের অনুচ্ছেদ ১১৮ এর অধীন প্রতিষ্ঠিত নির্বাচন কমিশন ;

[১][(কক) “নাম” অর্থ জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ (২০০৪ সনের ২৯ নং আইন) এর অধীন নিবন্ধিত বা প্রদত্ত সনদে উল্লিখিত নাম অথবা প্রাথমিক শিক্ষা সমাপনী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা উহার সমমানের কোন পরীক্ষায় প্রদত্ত সনদে উল্লিখিত নামঃ

তবে শর্ত থাকে যে, এই আইনে নামের সংজ্ঞা সংযোজনের পূর্বে প্রণীত ভোটার তালিকায় উল্লিখিত নামের ক্ষেত্রে এই সংজ্ঞা প্রযোজ্য হইবে না;]

(খ) "নির্বাচন এলাকা" অর্থ সংসদের নির্বাচনের জন্য নির্ধারিত কোন নির্বাচনী এলাকা ;

(গ) "নির্বাচিত সংস্থা (Elective body)" অর্থ সংসদ বা কোন স্থানীয় সরকার সংস্থা ;

(ঘ) "নির্ধারিত" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত ;

(ঙ) "ভোটার" অর্থ কোন ব্যক্তি যিনি ভোটার হিসাবে নিবন্ধিত হইয়াছেন এবং এই আইনের অধীন প্রণীত ও প্রকাশিত চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হইয়াছেন ;

[২][(চ) “ভোটার এলাকা” অর্থ পল্লী এলাকার ক্ষেত্রে এক বা একাধিক গ্রাম বা গ্রামের অংশ বিশেষ এবং শহর এলাকার ক্ষেত্রে এক বা একাধিক মহল্লা বা রাস্তা অথবা মহল্লা বা রাস্তার অংশ বিশেষ;]

(ছ) "ভোটার তালিকা" অর্থ এই আইনের অধীন প্রণীত চূড়ান্ত ভোটার তালিকা ;

(জ) "যোগ্যতা অর্জনের তারিখ" অর্থ এই আইনের অধীন প্রতিটি ভোটার তালিকা প্রণয়ন , সংশোধন, পুনঃপরীক্ষিত বা হালনাগাদের ক্ষেত্রে যেই বৎসর উহা এইরূপে প্রণীত, সংশোধিত, পুনঃপরীক্ষিত বা হালনাগাদকৃত হয় সেই বৎসরের জানুয়ারী মাসের পহেলা তারিখ ;

(ঝ) "রেজিস্ট্রেশন অফিসার" অর্থ ধারা ৬ এর অধীন নিযুক্ত কোন রেজিস্ট্রেশন অফিসার এবং রেজিস্ট্রেশন অফিসারের দায়িত্ব পালনরত কোন সহকারী রেজিস্ট্রেশন অফিসার ;

(ঞ) "স্থানীয় সরকার সংস্থা" অর্থ কোন ইউনিয়ন, উপজেলা পরিষদ, জেলা পরিষদ, পৌরসভা বা সিটি কর্পোরেশন।

**কমিশনকে সহায়তা প্রদান**

৪। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে কমিশন যে কোন ব্যক্তি বা কর্তৃপক্ষকে ইহার চাহিদা মোতাবেক দায়িত্ব পালন ও সহায়তা প্রদানের নির্দেশ দিতে পারিবে।

**ভোটার তালিকা প্রণয়ন**

৫। (১) বিভিন্ন নির্বাচিত সংস্থার নির্বাচনের জন্য কম্পিউটারভিত্তিক ডাটাবেজ সহযোগে ভোটারগণের নিবন্ধনের পর ছবিসহ ভোটার তালিকা প্রণয়ন করা হইবে।

(২) ডাটাবেজ তৈরী ও ভোটার তালিকা প্রণয়নের পদ্ধতি এবং উহার ব্যবহার সংক্রান্ত বিষয়াদি কমিশন কর্তৃক নির্ধারিত হইবে।

**রেজিস্ট্রেশন অফিসার, ইত্যাদি নিয়োগ**

৬। (১) কমিশন প্রত্যেক ভোটার এলাকা বা নির্বাচনী এলাকার জন্য ভোটার তালিকা প্রণয়ন, সংশোধন, পুনঃপরীক্ষা এবং হালনাগাদকরণের উদ্দেশ্যে একজন রেজিস্ট্রেশন অফিসার নিযুক্ত করিবে এবং এতদ্‌উদ্দেশ্যে প্রয়োজনীয় সংখ্যক সহকারী রেজিস্ট্রেশন অফিসারও নিযুক্ত করিতে পারিবে ; এবং একই ব্যক্তিকে দুই বা ততোধিক ভোটার এলাকা বা নির্বাচনী এলাকার জন্য রেজিস্ট্রেশন অফিসার বা সহকারী রেজিস্ট্রেশন অফিসার নিযুক্ত করিতে পারিবে।

(২) কমিশন কর্তৃক এতদ্‌উদ্দেশ্যে প্রদত্ত নির্দেশাবলী সাপেক্ষে,-

(ক) কোন সহকারী রেজিস্ট্রেশন অফিসার, রেজিস্ট্রেশন অফিসারের নিয়ন্ত্রণাধীন থাকিয়া, রেজিস্ট্রেশন অফিসারের দায়িত্ব পালন করিতে পারিবেন ; এবং

(খ) কোন রেজিস্ট্রেশন অফিসার, প্রয়োজনে, তাহার দায়িত্ব পালনে সহায়তা করিবার জন্য কোন ব্যক্তিকে নির্দেশ দিতে পারিবেন।

**ভোটার তালিকা প্রণয়ন ও প্রকাশ**

৭। (১) কোন ভোটার এলাকা বা নির্বাচনী এলাকার রেজিস্ট্রেশন অফিসার, কমিশনের তত্ত্বাবধান, নির্দেশন এবং নিয়ন্ত্রণাধীনে, উক্ত ভোটার এলাকা বা নির্বাচনী এলাকার জন্য নির্ধারিত পদ্ধতিতে একটি খসড়া ভোটার তালিকা প্রণয়ন করিবেন, যাহাতে এমন প্রত্যেক ব্যক্তির নাম অন্তর্ভুক্ত থাকিবে যিনি, যোগ্যতা অর্জনের তারিখে-

(ক) বাংলাদেশের একজন নাগরিক হন ;

(খ) আঠারো বৎসরের কম বয়স্ক নহেন ;

(গ) কোন উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ বলিয়া ঘোষিত নহেন ; [৩][***]

(ঘ) উক্ত ভোটার এলাকা বা, ক্ষেত্রমত, নির্বাচনী এলাকার অধিবাসী বা অধিবাসী বলিয়া গণ্য হন [৪][;

(ঙ) Bangladesh Collaborators (Special Tribunals) Order, 1972 (P.O. No. 8 of 1972) এর অধীন কোন অপরাধে দণ্ডিত না হইয়া থাকেন; এবং

(চ) International Crimes (Tribunals) Act, 1973 (Act No. XIX of 1973) এর অধীন কোন অপরাধে দণ্ডিত না হইয়া থাকেন। ]

(২) উপ-ধারা (১) এর অধীন প্রণীত খসড়া ভোটার তালিকা, তৎসম্পর্কে দাবী এবং আপত্তি আহবানকারী একটি নোটিশসহ, নির্ধারিত পদ্ধতিতে প্রকাশ করা হইবে।

(৩) রেজিস্ট্রেশন অফিসার, নির্ধারিত পদ্ধতিতে, খসড়া ভোটার তালিকায় এইরূপ সংযোজন, পরিবর্তন বা সংশোধন করিবেন যাহা কোন দাবী বা আপত্তির উপর সিদ্ধান্তের ফলে প্রয়োজনীয় হইতে পারে বা কোন লিখন, মুদ্রণ বা অন্য কোন প্রকার ত্রুটি সংশোধনের জন্য আবশ্যক হইতে পারে।

(৪) উপ-ধারা (৩) এর অধীন সংযোজন, পরিবর্তন বা সংশোধন, যদি থাকে, করিবার পর রেজিস্ট্রেশন অফিসার, নির্ধারিত পদ্ধতিতে, কোন ভোটার এলাকা বা নির্বাচনী এলাকার জন্য চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করিবেন এবং প্রকাশিত চূড়ান্ত ভোটার তালিকাসমূহ উক্ত ভোটার এলাকা বা নির্বাচনী এলাকার জন্য ভোটার তালিকা বলিয়া গণ্য হইবে।

(৫) উপ-ধারা (৪) এর অধীন প্রকাশিত চূড়ান্ত ভোটার তালিকা অবিলম্বে কার্যকর হইবে।

(৬) চূড়ান্ত ভোটার তালিকা নির্ধারিত পদ্ধতিতে রক্ষিত হইবে এবং জনসাধারণের পরিদর্শনের জন্য উন্মুক্ত থাকিবে, এবং কোন ব্যক্তি নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে উহার কপির জন্য আবেদন করিলে নির্ধারিত পদ্ধতিতে তাহাকে উহা সরবরাহ করা হইবে।

(৭) ভোটার তালিকা নির্ধারিত পদ্ধতিতে কমিশনের ওয়েব সাইটে সর্বসাধারণের জন্য সংরক্ষিত থাকিবে এবং হালনাগাদকৃত তালিকা দ্বারা উহা প্রতিস্থাপিত হইবে।

(৮) কোন ভোটার এলাকা বা নির্বাচনী এলাকার ভোটার তালিকায় বা ইহার খসড়ায় কোন স্পষ্ট ত্রুটি বা অনিয়ম দৃষ্টিগোচর হইলে কমিশন অনুরূপ তালিকা বা খসড়া বাতিলপূর্বক উক্ত ভোটার এলাকা বা নির্বাচনী এলাকার জন্য নূতন ভোটার তালিকা প্রণয়ন করিবার নির্দেশ দিতে পারিবে।

(৯) কমিশন বিভিন্ন নির্বাচিত সংস্থার নির্বাচনের জন্য, প্রয়োজন মনে করিলে, ভোটার তালিকা পুনর্বিন্যাস করিতে পারিবে।

**অধিবাসী অর্থ**

৮। (১) অতঃপর ইহাতে ব্যবস্থিত বিধান ব্যতিরেকে, কোন ব্যক্তি সচরাচর যে নির্বাচনী এলাকায় বা ভোটার এলাকায় বসবাস করেন কিংবা যে নির্বাচনী এলাকার বা ভোটার এলাকায় বসতবাড়ী ভোগ দখল করেন কিংবা বসতবাড়ী ও অন্যান্য স্থাবর সম্পত্তির মালিক হন তিনি উক্ত নির্বাচনী এলাকার বা ভোটার এলাকার অধিবাসী বলিয়া গণ্য হইবেন।

(২) কোন ব্যক্তির একাধিক নির্বাচনী এলাকায় বা ভোটার এলাকায় বসতবাড়ীর দখল থাকিলে কিংবা বসতবাড়ী ও স্থাবর সম্পত্তির মালিকানা থাকিলে, ঐ ব্যক্তিকে, তাহার ইচ্ছা অনুযায়ী, যে কোন একটি নির্বাচনী এলাকায় বা ভোটার এলাকায় ভোটার হিসাবে নিবন্ধন করা যাইবে।

(৩) কোন ব্যক্তি সরকারী চাকুরীরত থাকিলে বা কোন সরকারী পদে অধিষ্ঠিত থাকিলে তিনি, যে নির্বাচনী এলাকার বা ভোটার এলাকায় চাকুরীসূত্রে সচরাচর বসবাস করেন সেই নির্বাচনী এলাকার বা ভোটার এলাকার অধিবাসী হিসাবে গণ্য হইবেন, যদি না তিনি অনুরূপ চাকুরীরত না থাকিলে বা অনুরূপ সরকারী পদে অধিষ্ঠিত না থাকিলে যে ভোটার এলাকার বা নির্বাচনী এলাকার অধিবাসী থাকিতেন সেই এলাকার অধিবাসী হিসাবে তালিকাভুক্ত হইবার জন্য রেজিস্ট্রেশন অফিসার বরাবর আবেদন করেন।